123

দৈনিক ইনকিলাব

তারিখ ... 26 APR 1988 ...
পৃঃ 7 কলাম ৫

## আটক ছাত্রদের মুক্তি দিন

# অবৈধ দখলদারদের হাত থেকে হলগুলো মুক্ত করুন

—৫৩ ঢাঃ বিঃ শিক্ষক

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩ জন শিক্ষক, গতকাল (শনিবার) এক যুক্ত বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রেফতারকৃত সকল ছাত্রকে মুক্তি দিয়ে অবৈধ দখলদারদের হাত থেকে হলগুলোকে মুক্ত করে বৈধ ছাত্রদের হলে নিরাপদে থাকার উপযুক্ত পরিবেশ নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবী জানিয়েছেন। বিবৃতিতে শিক্ষকগণ বলেন, গত কয়েকদিন

২-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## ৫৩ ঢাঃ বিঃ শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

ধরে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় যে নিন্দনীয় ও দুঃখজনক ঘটনা একের পর এক সংঘটিত হয়েছে এবং যার জের এখনো চলছে তাতে আমরা গভীরভাবে উদ্বিগ্ন। ঘটনা প্রবাহের এক পর্যায়ে একজন সম্ভাবনাময় তরুণ প্রাণ হারিয়েছেন, দু'জন গুলীবিদ্ধ হয়েছেন, বিভিন্ন হলে অসংখ্য কামরা ভঙচুর হয়েছে। জসীম উদ-দীন হলে অর্ধশতাধিক ছাত্র পুলিশের নির্মম অত্যাচারের শিকার হয়েছেন। পুলিশ হল প্রভোস্টের সংগেও খারাপ আচরণ করেছে। অথচ এটি আকস্মিকভাবে ঘটেনি। সংবাদপত্রসমূহ এই ধরনের পরিস্থিতি আসন্ন বলে বার বার খবর দিচ্ছিল। সেগুলো গ্রাহ্য করে আগাম ব্যবস্থা নিলে এই রক্তপাত এড়ানো সম্ভবপর ছিল। কিন্তু আইন-শংখলা রক্ষাকারী সংস্থা ও প্রশাসন তাতে কর্ণপাত করেনি, বরং হল দখল করার যে অপরাজনীতি বছর দু'য়েক আগে শুরু হয়েছিল তাকে পূর্ণতা দেবার জন্য প্রচ্ছন্নভাবে কাজ করেছে। তারই অনিবার্য পরিণতি গত কয়েকদিনের নির্মম ঘটনাবলী। ঘটনা আরও বহুদূর গড়াতে পারে বলে তারা আশংকা প্রকাশ করেন। শিক্ষকগণ বলেন, বিশ্ববিদ্যালয় তথা যে কোন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হলে হল দখল করার রাজনীতি বন্ধ করতে হবে। পুলিশ ও প্রশাসনকে পক্ষপাতহীনভাবে দায়িত্ব পালন করে সকল মতাবলম্বীদের বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ অবস্থান নিশ্চিত করতে হবে।

বিবৃতিদাতারা হলেন ঃ অ্যাপক মোহাম্মদ শফি চৌধুরী, ডঃ ইউসুফ হায়দার, ডঃ সাঈদ-উর রহমান, প্রফেসর এরশাদুল বারী, ডঃ আবুল কামাল মনজুর মোরশেদ, অধ্যাপক সুলতান হোসেন, অধ্যাপক মোঃ খলিলুর রহমান, ডঃ মোহাম্মদ আসাদুজ্জামান প্রমুখ।